স্কুলের জন্য COVID স্মার্ট (দক্ষ) ব্যবস্থাসমূহ

পরিবারের জন্য তথ্য

আমরা জানি যে শ্রেণীকক্ষে একসাথে থাকা আমাদের শিক্ষার্থীদের শেখার, বৃদ্ধি এবং কল্যাণের জন্য সর্বোত্তম উপায়। এই টার্মে আমরা আমাদের শিক্ষার্থীদের সুস্থতা এবং একটি সামঞ্জস্যপূর্ণ ও উৎপাদনশীল শিক্ষার পরিবেশ – এই উভয় বিষয় দুটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য বেশ কয়েকটি পদক্ষেপ বাস্তবায়ন করা চালিয়ে যাব।

অসুস্থ হলে বাড়িতে থাকুন

- আপনার সন্তান যদি অসুস্থ হয় তবে আপনাকে অবশ্যই তাকে বাড়িতে রাখতে হবে। যদি তাদের মধ্যে হালকা COVID-19 এর লক্ষণও দেখা যায়, তবে তাদের COVID পরীক্ষা করা উচিত এবং আইসোলেট করা উচিত।
- আপনার সন্তানের কেবল তখনই স্কুলে ফিরে আসা উচিত যখন তাদের নেগেটিভ ফল আসবে এবং তারা উপসর্গ মুক্ত হবে।
- যদি আপনার সন্তানের COVID-19 এর পরীক্ষার ফলাফল পজেটিভ হয়, তাহলে সার্ভিস এনএসডব্লিউ (Service NSW)-তে গিয়ে পজেটিভ ফলাফল নিবন্ধন করুন, ৭ দিনের জন্য আইসোলেট করুন এবং এনএসডব্লিউ-এর স্বাস্থ্য নির্দেশিকা অনুসরণ করুন।

টিকাকরণ

- COVID-19 এবং ফ্লু'র টিকা হল নিজেকে, আপনার পরিবার এবং সম্প্রদায়কে রক্ষা করার সর্বোত্তম উপায়। আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে ভাইরাসঘটিত অসুস্থতার বিরুদ্ধে লড়াই করতে টিকা একটি নিরাপদ এবং কার্যকর উপায়।
- মূলধারার স্কুলগুলোর সকল যোগ্য কর্মী এবং শিক্ষার্থীদের তাদের স্বাস্থ্য সুরক্ষার জন্য তাদের টিকাগুলো নিয়ে হালনাগাদ রাখার জন্য দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়। নির্দিষ্ট উদ্দেশ্যের স্কুলে কাজ করা সকল কর্মীদের COVID-19 এর দুটি টিকা দেওয়া প্রয়োজন, যাতে আমাদের শিক্ষার্থীদের রক্ষা করা যায়, যারা COVID-19 -এর সংস্পর্শে এলে গুরুতর অসুস্থতার ঝুঁকিতে পরতে পারে।

ক্লোজ কন্টাক্ট

- ক্লোজ কন্টাক্ট হিসাবে চিহ্নিত শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হতে পারে যদি স্কুলকে জানায় এবং তারা ৫ স্কুল দিবসের জন্য স্কুলে যাওয়ার আগে প্রতিদিন সকালে একটি নেগেটিভ COVID-19 পরীক্ষার ফলাফল পায়।
- মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের অবশ্যই খাওয়া বা ব্যায়াম করার সময় ব্যতীত আভ্যন্তরীণ এলাকায় মাস্ক পরতে হবে। প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের খাওয়া বা ব্যায়াম করার সময় ব্যতীত আভ্যন্তরীণ এলাকায় মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়।
- ক্লোজ কন্টাক্ট হিসাবে চিহ্নিত কোনও শিক্ষার্থীকে রাতের ভ্রমণ বা স্কুল ক্যাম্পের মতো উচ্চ ঝুঁকিপূর্ণ স্থানে উপস্থিত থাকার অনুমতি দেওয়া হবে না।
- নির্দিষ্ট উদ্দেশ্যে এবং সহায়তা ইউনিটগুলোর স্কুলের শিক্ষার্থীরা ক্লোজ কন্টাক্ট হিসাবে স্কুলে উপস্থিত হতে পারবে না এবং তাদের সেল্ফ-আইসোলেসনের সময় দূরবর্তীভাবে শিখতে সহায়তা করা হবে।

র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা

- যদি আপনার শিশুর হালকা COVID-19 উপসর্গ দেখা দেয় তাহলেও র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা করা উচিত, অথবা প্রতিদিন করা উচিত যদি তারা ক্লোজ কন্টাক্ট হিসাবে স্কুলে যায়।
- যদি আপনার সন্তানের COVID-19 এর পরীক্ষায় পজেটিভ ফলাফল আসে, তবে তাদের আইসোলেসনের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত এবং উপসর্গমুক্ত না হওয়া পর্যন্ত তাদের অবশ্যই স্কুলে যাওয়া উচিত নয়। পজেটিভ র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষার ফলাফল অবশ্যই সার্ভিস এনএসডব্লিউ (Service NSW) এর সাথে নিবন্ধিত হতে হবে।
- যদি আপনার সন্তানের পরীক্ষার ফলাফল নেগেটিভ হয় কিন্তু এখনও লক্ষণ দেখা যায় তবে লক্ষণমুক্ত না হওয়া পর্যন্ত তাদের স্কুলে যাওয়া উচিত নয়।
- কর্মী এবং শিক্ষার্থীদের স্কুল টার্ম ৩ এর প্রথম দিকে ৫ টি র‍্যাপিড অ্যান্টিজেন টেস্ট কিটের ১ টি মাল্টিপ্যাক সরবরাহ করা হবে। নির্দিষ্ট উদ্দেশ্যে এবং সহায়তা ইউনিট স্কুলগুলোতে কর্মী এবং শিক্ষার্থীদের স্কুল টার্ম ৩ এর প্রথম দিকে ৫ টি র‍্যাপিড অ্যান্টিজেন টেস্ট কিটের ২ টি মাল্টিপ্যাক সরবরাহ করা হবে।
- প্রাদুর্ভাবের পরিস্থিতিতে নজরদারি পরীক্ষার উদ্দেশ্যে স্কুলগুলো স্কুলের ভিতর র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষার একটি সংরক্ষিত মজুত রাখবে।

স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা

- শিক্ষার্থীদের সাবান এবং পানি দিয়ে নিয়মিত হাত ধোয়া এবং প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করা হয়।
- স্কুলগুলোর বর্ধিত পরিষ্কার ব্যবস্থা বেশি বেশি স্পর্শ স্থানসমূহ এবং অন্যান্য শক্ত পৃষ্ঠতল, দরজার হাতল, লকার, লাইট সুইচ এবং সিঁড়ির হাতল এবং চলাচলের এলাকায় মনোনিবেশ করবে।

অবাধে বায়ু চলাচলের ব্যবস্থা

- তাজা বায়ুর অবাধ চলাচল সংক্রমণের ঝুঁকি হ্রাস করার জন্য সবচেয়ে কার্যকর রূপ।
- ঠান্ডা মাসগুলোতে, তাপমাত্রার স্বাচ্ছন্দ্যের ভারসাম্য বজায় রাখার জন্য বায়ুচলাচল পদ্ধতির সাথে একত্রে গরম করার পদ্ধতি ব্যবহার করা হবে।
- সরকারী স্কুলগুলোতে সকল শেখার স্থানে বায়ুচলাচলের যথাযথ মাত্রা নিশ্চিত করার জন্য পরীক্ষা করা হয়েছে এবং যেখানে প্রয়োজন সেখানে বায়ু শোধনকারী (বা এয়ার পিউরিফায়ার) সরবরাহ করা হয়েছে।
- যেখানে সম্ভব সেখানে বাইরের স্থানগুলো ব্যবহার করতে উৎসাহিত করা অব্যাহত থাকবে।

মাস্ক

- মূলধারার স্কুল এলাকায় সকল কর্মী এবং শিক্ষার্থীদের যেখানে সম্ভব মাস্ক পরাকে দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়, বিশেষ করে আভ্যন্তরীণ স্থানে এবং অন্যান্য ক্ষেত্রে যেখানে বায়ুচলাচল এবং দূরত্ব বজায় রাখা সম্ভব নয়।
- COVID-19 -এ আক্রান্ত হলে গুরুতর অসুস্থতার ঝুঁকিতে থাকা শিক্ষার্থীদের সঙ্গে কাজ করা সব কর্মীদের জন্য মাস্ক পরা প্রয়োজন।
- দর্শনার্থীদের জন্য মাস্ক পরা দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়, বিশেষ করে যখন তারা শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগ করে এবং COVID-19 এ আক্রান্ত হলে গুরুতর অসুস্থতার ঝুঁকিতে থাকা শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করার সময় এটি প্রয়োজন হয়।
- ইয়ার ৭ এবং তার ওপরে ক্লোজ কন্টাক্ট হিসাবে স্কুলে উপস্থিত শিক্ষার্থীদের জন্য আভ্যন্তরীণ স্থানে মাস্ক পরা প্রয়োজন এবং অল্প বয়স্ক শিক্ষার্থীদের জন্য মাস্ক পরা দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়।
- COVID-19 থেকে সেরে ওঠার পর ৩ দিনের জন্য সকল শিক্ষার্থীদের মাস্ক পরাকে জোরালোভাবে উৎসাহিত করা হয়।

দর্শনার্থী

- টিকা নিয়েছে কি নেয় নি তা ব্যাতিরেকে দর্শনার্থীরা মূলধারার স্কুলগুলোতে উপস্থিত হতে পারেন।
- সকল দর্শনার্থীকে মাস্ক পরতে জোরালোভাবে উৎসাহিত করা হয়, বিশেষ করে আভ্যন্তরীণ স্থানে বা যখন দূরত্ব বজায় রাখা সম্ভব হয় না এবং যখন শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগ করা হয়।
- কর্মী ও স্বেচ্ছাসেবকসহ দর্শনার্থীরা যদি নির্দিষ্ট উদ্দেশ্যে এবং সহায়তা ইউনিটের স্কুলে শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগ করে তবে তাদের অবশ্যই মাস্ক পরতে হবে।
- ক্লোজ কন্টাক্ট (বা ঘনিষ্ঠভাবে মেলামেশা) হিসাবে স্কুলে আসা দর্শনার্থীদের স্কুলকে অবহিত করতে হবে এবং আভ্যন্তরীণ স্থানে মাস্ক পরা সহ নির্দিষ্ট নির্দেশিকা অনুসরণ করতে হবে। ক্লোজ কন্টাক্ট দর্শনার্থীরা নির্দিষ্ট উদ্দেশ্যে যে স্কুলগুলো রয়েছে সেখানে যেতে পারবেন না।

কার্যক্রম

- স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি মূল্যায়নগুলো ভ্রমণ এবং রাতের স্কুল ক্যাম্পসহ পরিকল্পনা কার্যক্রমের সাথে সংহত করা হবে।
- বাবা-মা এবং পরিচর্যাকারীদের সংস্পর্শের ঝুঁকি সম্পর্কে সচেতন করা হবে এবং নির্দিষ্ট ক্রিয়াকলাপের জন্য অনুমতি দেয়ার প্রয়োজন হবে।

স্থানীয় পরিস্থিতিতে প্রতিক্রিয়া

- স্কুলগুলো ভাইরাস জাতীয় অসুস্থতার প্রাদুর্ভাব সহ স্থানীয় পরিস্থিতিতে যথাযথভাবে সাড়া দেওয়ার জন্য বিভাগের স্বাস্থ্য, সুরক্ষা এবং স্টাফ ওয়েলবিং কেস ম্যানেজমেন্ট দলের সাথে কাজ করবে।
- কিছু কিছু ক্ষেত্রে, স্কুলগুলো সংক্রমণ বৃদ্ধি বন্ধ করতে সহায়তা করার জন্য একটি সীমিত সময়ের জন্য অস্থায়ীভাবে অতিরিক্ত ব্যবস্থা চালু করতে পারে, যার মধ্যে রয়েছে মাস্ক পরা, অপরিহার্য নয় এমন ক্রিয়াকলাপগুলো স্থগিত করা বা সীমাবদ্ধ করা এবং নির্দিষ্ট গোষ্ঠীগুলোকে দূরবর্তীভাবে শিখতে নির্দেশ দেওয়া।

দূরবর্তীভাবে শেখা

- শিক্ষা বিভাগ দূরবর্তীভাবে শেখার প্রয়োজন এমন শিক্ষার্থীদের সহায়তা করার জন্য ডিজিটাল শেখার সংস্থানগুলোর বিকাশ করে চলেছে।

আরও তথ্যের জন্য, দেখুন education.nsw.gov.au/covid-19/advice-for-families

টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার আরও তথ্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে মূল্য দিতে হবে না।

NSW সরকার শিক্ষার্থীদের এবং স্কুলের কর্মীদের নিরাপত্তা এবং সুস্থতাকে অগ্রাধিকার দিয়ে স্কুলের কার্যক্রম অব্যাহত রাখা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।